

# **া** সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫২৮৬

৩৮/ পোশাক ও সাজসজ্জা (كتاب اللباس والزينة)

পরিচ্ছেদঃ ৯. অহংকারবশে (গোড়ালির নীচে) কাপড় ঝুলিয়ে রাখা হারাম এবং কতটুকু ঝুলিয়ে রাখা বৈধ ও মুস্তাহাব তার আলোচনা

باب تَحْرِيم جَرِّ الثَّوْبِ خُيلاءَ وَبَيَانِ حَدِّ مَا يَجُوزُ إِرْخَاوُّهُ إِلَيْهِ وَمَا يُسْتَحَبّ

### আরবী

وَحَدَّتَنِي مُحَمَّدُ بْنُ حَاتِمٍ، وَهَارُونُ بْنُ عَبْدِ اللَّهِ، وَابْنُ أَبِي خَلَف وَأَلْفَاظُهُمْ، مُتَقَارِبَةٌ وَالُوا حَدَّثَنَا رَوْحُ بْنُ عُبَادَةَ، حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ، قَالَ سَمِعْتُ مُحَمَّدَ بْنَ عَبَّادِ بْنِ جَعْفَرٍ، قَالُ الْمَعْتُ مُحَمَّدَ بْنَ عَبَّادِ بْنِ جَعْفَرٍ، يَقُولُ أَمَرْتُ مُسْلِمَ بْنَ يَسَارٍ مَوْلَى نَافِعِ بْنِ عَبْدِ الْحَارِثِ أَنْ يَسْأَلَ ابْنَ عُمَرَ، \_ قَالَ \_ يَقُولُ أَمَرْتُ مُسْلِمَ بْنَ يَسَارٍ مَوْلَى نَافِعِ بْنِ عَبْدِ الْحَارِثِ أَنْ يَسْأَلَ ابْنَ عُمَرَ، \_ قَالَ \_ وَأَنَا جَالِسٌ، بَيْنَهُمَا أَسَمِعْتَ مِنَ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي الَّذِي يَجُرُّ إِزَارَهُ مِنَ النَّبِي صلى الله عليه وسلم فِي الَّذِي يَجُرُّ إِزَارَهُ مِنَ الْخُيلَاءِ شَيْئًا قَالَ سَمِعْتُهُ يَقُولُ " لاَ يَنْظُرُ اللَّهُ إِلَيْهِ يَوْمَ الْقِيَامَةِ ".

#### বাংলা

৫২৮৬। মুহাম্মাদ ইবনু হাতিম, হারুন ইবনু আবদুল্লাহ ও ইবনু আবূ খালফ (রহঃ) ... মুহাম্মাদ ইবনু আব্বাদ ইবনু জা'ফর (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি ইবনু উমার (রাঃ) এর নিকট একথা জিজ্ঞাসা করার জন্য নাফি ইবনু আবদুল হারিস (রহঃ) এর আযাদকৃত গোলাম মুসলিম ইবনু ইয়াসারকে আদেশ দিলাম যে, আপনি কি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে সে ব্যক্তি সমন্ধে কিছু শুনেছেন যে ব্যক্তি অহংকারবশে তার ইযার ঝুলিয়ে টেনে হেঁচড়িয়ে চলে? এ সময় আমি তাদের দু'জনের মাঝেই উপবিষ্ট ছিলাম। তিনি [ইবনু উমার (রাঃ)] বললেন, আমি তাঁকে (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে) বলতে শুনেছি যে, কিয়ামত দিবসে আল্লাহ তার প্রতি তাকাবেন না।

## **English**

Muhammad b. 'Abbad b. Ja'far reported:

I ordered Muslim b. Yasar, the freed slave of Nafi' b. 'Abd al-Harith, while I was sitting between them, that he should ask Ibn 'Umar if he had heard anything from Allah's Messenger () pertaining to one who trails his lower garment out of pride. He said: I heard him (the Holy Prophet) as saying:



## Allah will not look toward him on the Day of Resurrection.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

<u> হ্র</u> হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন